

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdcdb.gov.bd

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য নেতৃত্বকৃত কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|------------|---|
| সভাপতি | : মোঃ কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ | : ১৭/০৭/২০১৯ ইং। |
| সময় | : বিকাল ০৮.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-“ক” সদয় দ্রষ্টব্য।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ১৭/০৭/২০১৯ তারিখ বিকাল ০৮.৩০ ঘটিকায় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ)-এর টিম প্রধান জনাব মোঃ আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

আলোচনা:

বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ)-এর টিম প্রধান জনাব মোঃ আফজাল হোসেন, অতিরিক্ত সচিব এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। তিনি জানান, কর্মপরিকল্পনার কিছু লক্ষ্যমাত্রা রয়েছে যা আগামী ৩১/০৭/২০১৯ ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে দুটি কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়া এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ৬.৩, ৬.৪, ৯.১ ও ৯.৪ নং সূচকসমূহের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করার জন্য এ বিভাগের কর্মকর্তাদের দায়িত্ব বন্টন করা প্রয়োজন।

অতঃপর বিভাগিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহে সিদ্ধান্ত দৃঢ়ীভূত হয়।

- ক) আগামী ৩১/০৭/২০১৯ ইং তারিখের মধ্যে যে সকল লক্ষ্যমাত্রা রয়েছে তা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) অন্যান্য সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অজন নাম্পত করতে হবে।

গ) ৬.৩, ৬.৪ নং সূচক অনুযায়ী দায়িত্ববন্টনকৃত কর্মকর্তা নিম্নরূপঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রকল্প |
|---------|---|----------------------------------|
| ১ | জনাব জোবায়দা বেগম, উপ সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) | আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ২ | জনাব আইরীন ফারজানা, উপ সচিব (উন্নয়ন) | সিভিডিপি |
| ৩ | জনাব মোঃ তৌহিদুর রহমান, সহকারী সচিব (পরিকল্পনা ও উন্নয়ন-৪) | আমার বাড়ি আমার খামার প্রকল্প |

ঘ) ৯.১ নং সূচক অনুযায়ী দায়িত্ববন্টনকৃত কর্মকর্তা নিম্নরূপঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | কার্যক্রম |
|---------|---------------------------------------|---|
| ১ | ফারহানা হক, উপ সচিব (প্রশাসন, সমবায়) | সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শন (প্রতি কোয়ার্টেরে ০৩টি করে মোট ১২টি) |

ঙ) ৯.৪ নং সূচক অনুযায়ী দায়িত্ববন্টনকৃত কর্মকর্তা নিম্নরূপঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | কার্যক্রম |
|---------|---|--|
| ১ | কাজী মোশতাক জহির, উপসচিব (প্রতিষ্ঠান-২) | মিঞ্চ ভিটার দুর্ঘ ও দুর্ঘজাত পণ্য উৎপাদন বাজারজাতকরণ কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং (প্রতি কোয়ার্টেরে ০১টি করে মোট ০৪টি) |

২। অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিধ্য না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার
সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ কামাল উদ্দিন তালুকদার)
 সচিব
 পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।